

অনিঃশেষ বিত্ত বাসনা

ইদানীং মানুষেরা বড় বেশী
দরজা জানলা বন্ধ করে রাখে।
বাইরের আকাশ দেখে
বন্দী ফ্রেমে টানানো ইজলে।

এই তো সেদিনো ছিল
মানুষেরা অকপট উচ্চারণে
অনেকটাই খোলা মেলা ছিল।

অথচ ইদানীং অনেকেই
জ্যামিতিক চোখের জরিপে
সত্তর্পণে ঈর্ষা পুষে রেখে
বিপরীতে হেঁটে যায় উচ্চারণহীন!

সায়াহু ছায়ার মত দীর্ঘ হয়
আকাঙ্ক্ষার উলঙ্গ মিনার!

ত্রিকোণ সংসার জুড়ে
অপলক জেগে থাকে
উদারীকরণের নবজাত শিশু,
মানুষের অনিঃশেষ বিত্ত - বাসনা!

নূপেন চক্রবর্তী